শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
বাগজান, মুলজান, মানিকগঞ্জ।
ISO 9001:2008 CERTIFIED

ISO 9001:2008 Certified

টেলিফোনঃ ০২-৭৭১০৬৯৮, অভিযোগ কেন্দ্রঃ ০২-৭৭১০৫৬৩, ফ্যাক্সঃ ০২-৭৭১০৯১৩, ই-মেইলঃ gmpbsmnk@yahoo.com

স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪০.০৪.১৫১.১৯.228

তারিখঃ ০২ মাঘ ১৪২৫
১৫ জানুয়ারী ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৩য় চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার /ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (মানিকগঞ্জ পবিস) কর্তৃক দ্বিতীয় পক্ষের মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলামন চুক্তির মেয়াদ ৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে।<br>০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইড **(www.pbs.manikganj.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড অথবা মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার,মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মুলজান, মানিকগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদী সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্র'' যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **বেতন ও ভাতাদিঃ**

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন সময়ে নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে-

(ক) সাকুল্য বেতন (মূল বেতন+বাড়িভাড়া বাবদ মূল বেতনের ৪০%)।
(খ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমান অর্থ।
(গ) মাসিক যাতায়াত ভাতা ১,০০০/- (এক হাজার) টাকা এবং বর্ষা মৌসুমে ০৪ (চার) মাস (জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর ও অক্টোবর) প্রতি মাসে অতিরিক্ত ২০০/- (দুইশত) টাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।
(ঙ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হবে।
(চ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।
(ছ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২ (দুই) টি "উৎসব বোনাস ও বৈশাখী ভাতা" প্রাপ্ত হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।
(জ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে পূর্ণ বৎসরের জন্য সর্বশেষ মূলবেতন এর ১৫% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরারপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।
(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করতে হবে।
(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্ন কারীগণকে অবশ্যই একধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
(ঘ) ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার পদে কর্মরত আছেন এবং অত্র পবিসে আবেদন জমাদানের শেষ তারিখ অর্থাৎ ৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে যাদের চুক্তিকাল শেষ হবে না তারা আবেদন করতে পারবেন না।
(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।
(ছ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(জ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
(ঞ) অত্র সমিতির ভৌগলিক এলাকা তথা মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ সদর, সিংগাইর, শিবালয়, হরিরামপুর, ঘিওর, দৌলতপুর এবং সাটুরিয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
(ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।
(ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।
(ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।
(ঢ) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
(ণ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূণ্য পদের সংখ্যা ও পরবর্তী ০১(এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।
(ত) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ
**(মোঃ ওবায়দুর রহমান)**
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)
০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..........পবিস-১/২/৩/৪-(বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসে সংরক্ষন পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, সিংগাইর/ঘিওর/দৌলতপুর/সাটুরিয়া/হরিরামপুর/শিবালয়।
০৮। ডিজিএম (সিংগাইর/মানিকগঞ্জ/ঘিওর জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী), মানিকগঞ্জ পবিস।
০৯। এজিএম, (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম/সদস্য সেবা/সাটুরিয়া/ঝিটকা সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
১০। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মানিকগঞ্জ পবিস-(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড, মানিকগঞ্জ পবিস।

**(মোঃ ওবায়দুর রহমান)**
সিনিয়র জেনারেল ম্যানেজার